

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(গত বিনিয়ন শাখা)

বিজ্ঞপ্তি নং-

২৫২ -জি

তারিখঃ- ২৯ /০৮/২০১৫ খ্রি।

বিষয়ঃ- হাইকোর্ট বিভাগের সকল বেঞ্চে যথাসময়ে মামলার নথি প্রেরণ সংক্রান্ত।

Supreme Court of Bangladesh (High Court Division) Rules, 1973 এর অধ্যায় IVA এর বিধি ৮ (১) এ সংশ্লিষ্ট বেঞ্চে মামলার পক্ষ বা দরখাস্তকারীগণ কর্তৃক মেনশন স্লিপ (Mention Slip) দাখিল করার বিধান রয়েছে। উক্ত বিধি ৮ (১) এ বর্ণিত বিধান মতে প্রাপ্ত মেনশন স্লিপসমূহে (Mention Slip) উপলিখিত মামলার নথিসমূহ বেঞ্চে উপস্থাপনের নিমিত্ত সংশ্লিষ্ট বেঞ্চের বেঞ্চও অফিসার/সহকারী বেঞ্চও অফিসারগণ কর্তৃক প্রতি কার্যদিবসে যথাযথ চাহিদাপত্র (requisition) অত্রকোর্টের সংশ্লিষ্ট শাখায় অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে প্রেরণের এবং সংশ্লিষ্ট শাখা হতে চাহিদাপত্রে (requisition) উপলিখিত নথিসমূহ যথাসময়ে (কোর্টের সময় শুরু হওয়ার পূর্বেই) বেঞ্চে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে।

০২। অত্রকোর্টের সকল শাখার সুপারিনিটেনডেন্টগণ কোর্ট হতে চাহিদাপত্র (requisition) প্রাপ্তির পর অন্তিমিলম্বে (একই দিন) সংশ্লিষ্ট নথি শাখা হতে বেঞ্চে প্রেরণের জন্য প্রস্তুত রাখবেন এবং পরবর্তী কার্যদিবসে যথাসময়ে (কোর্টের সময় শুরু হওয়ার পূর্বেই) ও যথানিয়মে উক্ত নথি সংশ্লিষ্ট বেঞ্চে প্রেরণ নিশ্চিত করবেন।

০৩। বর্ণিত বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালনের ক্ষেত্রে যে কোনো প্রকার শৈথিল্য The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর অধীনে অসদাচরণ হিসেবে বিবেচিত হবে এবং সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এই আদেশ জারী করা হলো।


স্বা/-  
(সৈয়দ আমিনুল ইসলাম)  
রেজিস্ট্রার জেনারেল  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
ফোনঃ ৯৫৬২৭৮৫  
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং - ২৭।৮৬(২৭) -জি,

তারিখঃ ২৯ /০৮/২০১৫ খ্রি।

প্রয়োজনীয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নথে):

- ১। রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। অতিরিক্ত রেজিস্ট্রার, ..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৩। ক্ষেপশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৪। ডেপুটি রেজিস্ট্রার, ..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৫। প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৬। প্রধান বিচারপতির একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৭। একান্ত সচিব, রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৮। সহকারী রেজিস্ট্রার, ..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
- ৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ১০। সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, বার এসোসিয়েশন ভবন, ঢাকা।
- ১১। বেঞ্চও অফিসার জনাব--....., বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সকল)।
- ১২। সুপারিনিটেনডেন্ট, ..... শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সকল)।

  
(মোঃ আজিজুল হক)  
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)  
ফোনঃ ৯৫৬৬৮২৬।  
aziz\_dr@supremecourt.gov.bd